# বিজেপির মুখপাত্র ও এমপি প্রকাশ জাভারেকরের প্রেস বিবৃতি ১৫-১-২০১৪

এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড'৯৫ অনুযায়ী দেওয়া ন্যুনতম পেনশন ৩০০০ টাকা ঘোষণার দাবি জানাচ্ছে বিজেপি। সরকার প্রস্তাবিত মাসিক ১০০০ টাকা পেনশন শ্রমিকদের কোনও কাজেই আসবেনা। সরকার ন্যুনতম হাজার টাকা করে পেনশন দেওয়ার সিদ্ধান্ত নিতে পারে, এটা জানতে পেরেই বিজেপি এই দাবি জানায়। এই সিদ্ধান্ত অত্যন্ত দেরী করে নেওয়া ও অত্যন্ত কৃপনের মত বলে মনে করে বিজেপি। এই স্কিমে ৪১ লক্ষ পেনশনার ও ৫০ মিলিয়ন শ্রমিক কর্মচারী যারা বর্তমানে চাঁদা দিচ্ছেন তাদের পেনশন বৃদ্ধির জন্য বিজেপি ক্রমাগত প্রচার করছে।

রাজ্যসভার পিটিশন কমিটির কাছে প্রকাশ জাভারেকর ন্যুনতম মাসিক পেনশন ৩০০০ টাকা করার আবেদন জানান এবং মূল্যবৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রাখারও দাবি জানান। পিটিশন কমিটি এই সমস্ত দাবিই গ্রহণ করেছে। এবং সরকারকে এই প্রকল্প উন্নয়নের পরামর্শ দিয়েছে। সংসদের বর্ষাকালীন অধিবেশনেই পিটাশন কমিটির এই রিপোর্ট টেবিলড হয়। কিন্তু এই সর্বজন স্বীকৃত রিপোর্টের পরিবর্তে শ্রম দফতর পুরোনো প্রস্তাবই বিবেচনা করেছে।

৫০ মিলিয়নের বেশি শ্রমিক কর্মচারী বেতনের ৮.৩৩% প্রভিডেন্ট ফান্ডে কনট্রিবিউট করেন। সংশ্লিষ্ট সংস্থা পেনশন প্রকল্পে দেয় ৮.৩৩%। সরকার পেনশন স্কীমে দেয় ১.১৬%। সরকারের এই কৃপনতায় ৪১ লক্ষের মধ্যে ৩০ লক্ষ পেনশনারই মাসে এক হাজারের কম টাকা পেনশন হিসেবে পান। ২০ লক্ষের কিছু বেশি পেনশনার পান মাসে ৫০০ টাকারও কম। এখন সরকার চাইছে তাদের ১.১৬ শতাংশ কনট্রিবিউশন বাড়িয়ে ১.৭৯ শতাংশ করার কথা ভাবছে সরকার। বিজেপির দাবি সরকারের কনট্রিবিউশনও বাড়িয়ে ৮.৩৩ শতাংশ করা হোক যাতে ন্যুনতম পেনশন ৩০০০ টাকা করা যায়।

ইউপিএ সরকার তাদের শ্রমিক স্বার্থবিরোধী বলে প্রমাণ করেছে। শ্রমিক শোষনের ধারা অব্যাহত রেখেছে তারা। বিজেপি শ্রমিকদের নতুন দিগন্ত দেখাতে চায়, যেখানে চাকরি ও বেতনের সামাজিক সুরক্ষা নিশ্চিত হবে।